R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৩২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
অল্পসময়ে ছাপা পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
স্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মিত্রাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭২শ বর্ষ. ৪৬ শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৬:শ চৈত্র বুধবার, ১৩৯২ সাল। ৯ই এপ্রিল ১৯৮৬ সাল।

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, ১৪৲সডাক

## মাস্তানরাজ জমজমাট, বিদেশী খুনীকে স্থায়ী বাসিন্দা করার অপচেষ্টায় প্রশাসন মত্ত

জঙ্গিপুর : গিরিয়া অঞ্চলের খেজুরতলা, দস্তামারা গ্রামের মানুষ আতঙ্কে দিনগুজরাণ করছেন। গ্রামগুলিতে মাস্তানরাজ কায়েম হয়েছে বলে সংবাদ আসছে। মাস্তানরা দাপটের সঙ্গে গ্রামবাসীদের কাছ থেকে সরাসরি বর্গাদের মত চৌথা আদায় করছে। এদের নায়ক নাকি খুনের কেসে যাবজ্জীবন দণ্ডিত বাংলাদেশের ফেরারী আসামী রাণা সেখ। সাগরেদ মিলেছে দস্তামারা গ্রামের দুই ভাই রফিক ও সফিক। তাদের সঙ্গে যোগ দিয়েছে গ্রামেরই দুই উঠতি মাস্তান জিদ্দিক ও হুরু। এদের জারী করা নির্দেশে সফিক রফিকের বাড়ীর সামনের চলাচলের পথ দিয়ে যেতে হলে যে কোন বোঝাই গাড়ীকে রাজকর দিতে হয়। হুজজুতি করলে এরা গরু ঘোড়া খুলে রাখে। দাবীর অর্থ বেড়ে যায়। সেই কর জমা দিয়ে গরু ঘোড়া ফিরিয়ে নিতে হয় বলে ভীত গ্রামবাসীরা গোপনে অভিযোগ জানালেন। অভিযোগকারীরা বারবার আমাদের প্রতিনিধিকে অনুরোধ করেন যেন তাদের নাম প্রকাশ না হয়। নচেৎ তাদিকে গাঁ থেকে উচ্ছেদ হতে হবে। আরও জানায় প্রশাসন বা পুলিশ কেউ তাদের কিছু করতে পারবে না। পুলিশকে জানিয়ে কোন লাভ তো হয়ই না বরং তাদের নাম প্রকাশ হয়ে পড়ায় চৌথার মাত্রা বেড়ে যায়। প্রাণের ও মানের ভয়ে সে দাবী মেনে নিয়ে চৌথা আদায় দিয়ে গ্রামে বাস করার ছাড়পত্র নিতে হয় ঐ মাস্তান রাণার কাছ থেকে। মাস্তানরা বলে বেড়ায় পুলিশ কি করবে পুলিশ তো তাদের কাছে বাঁধা। যে শালা পুলিশে যাবে তাকে চাটিমাটি উচ্ছেদ করে ছাড়বো হচ্ছেও তাই। সে জন্য কেউ টু শব্দ করে না। দুবেলা এদিকে সেলাম দিয়ে (৪র্থ পৃষ্ঠায়)

## নাগরিকদের চরম দুর্দশা সত্ত্বেও মিউনিসিপ্যাল মার্কেট চালু করা হয় না কেন

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর পৌরসভার রাস্তাঘাট সম্পর্কে গর্ব করার আছে। বাইরে থেকে যাঁরা আসেন রঘুনাথগঞ্জ শহর দেখে তাঁরা অনেকেই প্রশংসা করেন। কিন্তু একটি দুষ্টক্ষত পৌরসভার সমস্ত কৃতিত্বকে ম্লান করে দিয়েছে। রঘুনাথগঞ্জ শহরে একটি ভাল বাজার নাই।

বর্ত্তমান বাজারে জায়গা অত্যন্ত কম। একটু বৃষ্টি হলে জল কাদায় বাজার নরককুণ্ড হয়ে পড়ে। মহিলাদের সেখানে বাজার করার উপায় নাই। বাজারে বসার জায়গা না পেয়ে মিউনিসিপ্যালিটির রাস্তায় কাঁচা সবজি ও মাংস বিক্রেতারা বসে। এর ফলে ঐ রাস্তা দিয়ে মহিলারা গঙ্গাস্নানে যেতে পারেন না। সংলগ্ন বাড়ীগুলির লোকজন বাড়ী থেকে বের হতে বা বাড়ীতে ঢুকতে পারেন না। ঐ বাড়ীগুলিতে কখনও ডাক্তার ডাকতে হলে বা কোন রোগীকে বাড়ী থেকে অন্যত্র নিয়ে যেতে হলে তার উপায় থাকে না। বাজারের বাইরে মিউনিসিপ্যালিটির রাস্তায় বসা বিক্রেতাদের কাছ থেকে বে-আইনীভাবে জুলুম করে তোলা আদায় করা হয়। পৌর কর্ত্তৃপক্ষ সব জেনেশুনেও চুপচাপ।

শহরের লোক সংখ্যা আগের থেকে অনেক বেড়েছে। বিভিন্ন এলাকায় এখন বাজার বসানো যায়। ফুলতলায় ও বালিঘাটায় নিজের থেকেই বাজার বসে গিয়েছে। জনসাধারণের অসুবিধা দূর করার জন্য পশ্চিমবঙ্গ সরকার

## সতুবাবু নেই

জঙ্গিপুর : গত ৩ এপ্রিল রাত্রে কবি-সাহিত্যিক সত্যেন্দ্রনাথ বড়াল তাঁর জঙ্গিপুরস্থ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ে তিনি দীর্ঘকাল শিক্ষকতা করেন। মৃত্যুর কিছু আগে পর্য্যন্তও বিভিন্ন অনুষ্ঠানে তাঁকে দেখতে পাওয়া যেত হয় সভাপতি হিসাবে নয় প্রধান অতিথিরূপে। বিনয়নম্র এই মানুষটি ছিলেন মিষ্টভাষী, সদালাপী। তাঁর প্রকাশিত গ্রন্থ 'অপ্রত্যাশিত', 'শরৎ পণ্ডিত', 'দেওয়ান কীর্তিদত্ত' এবং 'পুণ্যদর্শন'। কবি হিসাবে তাঁর খ্যাতি ছিল। সরস্বতী লাইব্রেরীতে তাঁর স্মৃতির উদ্দেশ্যে এক স্মরণসভা অনুষ্ঠিত হয়। আমাদের পত্রিকায় বিভিন্ন সময়ে তাঁর লেখা প্রকাশিত হয়েছে। তাঁর মৃত্যুতে আমরা স্বজন হারানোর বেদনা অনুভব করছি।

(বিশেষ রচনা ভিতরে)

প্রচুর অর্থব্যয় করে শহরের মাঝখানে সদরঘাটে

(৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## গর্ভপাত করাতে গিয়ে মৃত্যু—ডাক্তার হাজতে

জঙ্গিপুর : গত ৬ এপ্রিল কাশিয়াডাঙ্গার কাছে গঙ্গায় পুলিশ একটি তরুণীর মৃতদেহ উদ্ধার করে। তদন্তে প্রকাশ, মৃত তরুণীটির নাম হাওয়া খাতুন, বয়স ১৭। জঙ্গিপুর সাহেববাজারে আব্দুস সাত্তারের বাড়ীতে আত্মীয়া হিসাবে সে আশ্রিতা ছিল। সাত্তারের ছেলে সায়দুল ইসলামের সঙ্গে তার প্রণয় হয় এবং তারই ফলে তরুণীটি গর্ভবতী হয়। সায়দুল ইসলাম গর্ভপাতের জন্য ফুলতলার হোমিওপ্যাথিক ডাক্তার গোপন সাহার সাহায্য নেয়। কিন্তু গর্ভপাত করাতে গিয়ে তরুণীটির মৃত্যু হয়। গোপনে মৃতদেহটি গঙ্গায় ভাসিয়ে দেওয়া হয়। খবর পেয়ে পুলিশ অনুসন্ধান শুরু করে ও উক্ত মৃতদেহটি উদ্ধার করে। ডাক্তারকে গ্রেপ্তার করা হয়েছে। অন্য অপরাধীরা পলাতক।

শুভ নববর্ষে মহকুমাবাসীর সুখ সমৃদ্ধি কামনা করছি
এবারেও নতুন বছরের খাতাপত্র ও অন্যান্য সামগ্রীর বিপুল আয়োজন আমরা করেছি
পণ্ডিত ষ্টেশনারস, রঘুনাথগঞ্জ

**ডায়মণ্ড বেকারী**

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট প্রস্তুতকারক



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৬শে চৈত্র বুধবার, ১৩৯২ সাল


## 'বর্ষ হ'য়ে এল শেষ

'বর্ষ হয়ে এল শেষ/দিন হয়ে এল সমাপন/চৈত্র অবসান/গাহিতে চাহিছে হিয়া/পুরাতন বরষের সর্বশেষ গান।" কবি বছরের শেষ ক্ষণে সঙ্গীতের আনন্দ মূর্চ্ছনায় ভরাইয়া দিতে চাহিয়াছিলেন সর্বজনের অন্তর। কিন্তু আজ ১৩৯২ এর চৈত্র শেষে আমরা কি কবির মত আনন্দউচ্ছল হৃদয়ে সঙ্গীতের মূর্চ্ছনা তুলিবার আবেগ অনুভব করিতেছি? পুরাতন বছর আনন্দ হর্ষের বদলে আমাদের জন্য ব্যথাবেদনার কণ্টক বিছাইয়া পথ চলা দুরূহ করিয়া তুলিয়াছে। সমাজ জীবনের চতুর্দ্দিকে দুর্যোগের ঘনঘটা। পাঞ্জাবে নৃশংস গণহত্যা, বিচ্ছিন্নতাবাদের নগ্ন আত্মপ্রকাশ, পশ্চিমবাংলার বুকে ছাত্র আন্দোলনের দাপটে মধুমিতার হত্যাকাণ্ড, আসামে বিদেশী বিতারণের নামে বাঙালী বিতারণের অপচেষ্টা। এসবের মধ্যে শুধু ব্যথা আর বেদনা। আনন্দের লেশমাত্র নেই। পুরাতন বছরের লাল তামামী হিসাবে দেশব্যাপী অশান্তি। বারবার ব্যক্তিস্বার্থের সংঘাতে বিপর্য্যস্ত অধিকাংশ প্রাদেশিক মন্ত্রীসভার নেতা বদল। এ সবই তো নিত্যনৈমিত্তিক ঘটনা হইয়া দাঁড়াইয়াছে। প্রাক্ স্বাধীনতা ঐতিহ্যসম্পন্ন কংগ্রেস তাহার শতবর্ষ উদ্যাপনের মুহূর্তে বহুধাবিভক্ত। প্রাচীন মূল্যবোধ অন্তর্হিত। এই রাজ্যের কংগ্রেসী নেতারা আপন আপন ক্ষমতা প্রকাশের দ্বন্দ্বে লিপ্ত। কংগ্রেসের মধ্যে গণসংগঠনের প্রাচীন ঐতিহ্যবোধ অবলুপ্ত হইতে চলিয়াছে। বামপন্থী দলগুলির মধ্যেও সৎ ও নিষ্ঠাবান মানুষের অভাব পরিলক্ষিত হইতেছে। ব্যক্তিতন্ত্র সেখানেও মাথাচাড়া দিয়া উঠিতেছে। ফলে লোকদলে চরণ সিংএর পরিবর্ত্তে তাঁহার পুত্রকে সভাপতি করিতে হইতেছে। জনতা দলে চন্দ্রশেখরের পর কে সভাপতি হইবেন ঠিক করা যাইতেছে না। বামপন্থী মার্কসবাদী দলগুলি পরস্পর পরস্পরের সঙ্গে ক্ষমতার লড়াই-এ মাতিয়া উঠিয়াছে। দেশের দশের স্বার্থ অপেক্ষা নিজের বা নিজের দলের স্বার্থ বড় হইয়া প্রতিভাত হইতেছে। ক্ষমতার দ্বন্দ্বে মানুষ মানুষকে হত্যা করিতে বা অন্য জঘন্য কর্ম করিতে দ্বিধা করিতেছে না। শিক্ষাক্ষেত্রেও নৈরাজ্য। ঐতিহ্যময় কলিকাতা বিশ্ববিদ্যালয় ভল্লুকের উদ্যান। বোমা তৈয়ারী কুটির শিল্পে পরিণত হইয়াছে। প্রশাসনও বিকারগ্রস্ত। নিরপেক্ষ প্রশাসন খুঁজিয়া পাওয়া বর্তমানে দুর্লভ। সর্বত্র অনাচারের অনুপ্রবেশ ঘটিতেছে। সমাজের চারিদিকে অবক্ষয় ঘটিতেছে। শিক্ষা, সংস্কৃতি, দেশপ্রেম, সকলক্ষেত্রেই, এমনকি মানুষের মধ্যে চারিত্রিক অবক্ষয় দেখা দিয়াছে। বৎসর শেষেও কোন শুভ অরুণোদয়ের লক্ষণ দেখা যাইতেছে না। তাই কবির মত বলিতে পারিতেছি না—"গাহিতে চাহিছে হিয়া/পুরাতন বরষের সর্বশেষ গান।"

## চিঠি-পত্র

(মতামত পত্র লেখকের নিজস্ব)

### জঙ্গিপুর কলেজ প্রসঙ্গে

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক পত্রিকায় "জঙ্গিপুর কলেজের নেপথ্য কাহিনী" প্রকাশিত হচ্ছে। গত ১২ই ফেব্রুয়ারী ১৯৮৬ তারিখে প্রকাশিত হয়েছে "দুর্নীতি ........পড়াশোনা ছাড়া কলেজে সব কিছু হয়।" অভিযোগগুলি চমক লাগানো এবং চাঞ্চল্যকর। তার পরেও পর পর পাঁচ কিস্তি "নেপথ্য কাহিনী" প্রকাশিত হয়েছে। খুবই বেদনাদায়ক। কলেজ গভর্নিং বডির অবিলম্বে এইসব প্রকাশিত সংবাদের বলিষ্ঠ প্রতিবাদ করা উচিত এবং দরকারবোধে গভর্নিং বডি ও কলেজের সুনামের জন্য আইনসঙ্গত ব্যবস্থা নেওয়াও উচিত। আর যদি উক্ত প্রতিবেদন সমূহে কিছুমাত্র সত্য থাকে তবে আর কাল বিলম্ব না করে কলেজে নিয়ম শৃঙ্খলা ফিরিয়ে আনা উচিত। কর্তৃপক্ষ বোধহয় বুঝতে পারছেন না উক্ত প্রকাশিত প্রতিবেদনগুলি ছাত্র-ছাত্রী, অভিভাবক ও জনসাধারণের মনে কী বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে। আমাদের ছেলেমেয়েরা এই কলেজে পড়েছে, পড়ছে ও পড়বে। শ্রদ্ধার সঙ্গে ভবরঞ্জন দে মহাশয়ের কথা স্মরণ করি। এ কলেজ নিয়ে আমরা গর্ব্ব করি, এর উন্নতি আমরা কামনা করি। আশাকরি শীঘ্র কলেজে সুষ্ঠু শিক্ষার পরিবেশ ফিরে আসবে যদি কোন প্রকারে তা ক্ষুন্ন হয়ে থাকে।

রমাকান্ত আচার্য্য, মির্জাপুর

## কবি

(কবি সত্যেন্দ্রনাথ বড়ালের প্রয়াণে)

দেবাশিস্ বন্দ্যোপাধ্যায়

এখানে রয়েছে তাঁর আপনকুঞ্জ ;
প্রতিবেশি নদী,
প্রিয় কবিতার শান্ত মুখ
এসব ছেড়ে কবি কোথায় গেলেন ?

কবিকে দেখেছি সংযমী মানুষ
স্বল্পভাষী
কোমলহৃদয়
চিমনীর ধোঁয়া সরিয়ে যিনি
চেয়েছিলেন আকাশটাকে সাজাতে।

এমন মানুষের কাছেই তো হতে
হয় নতজানু
যিনি আমাদের জন্য রেখে গেছেন
কবিতার অঙ্গীকার।

কবি দূরে চলে গেলে
কবিতা লিখেই নিতে হয় তাঁর খোঁজ
কারো কারো গানও খুঁজে পায়
কবির চরণ।

কবির মৃত্যু নেই জানি
তবু কেন টান প'ড়ে বুকের সুতোয় ?

## 'এবার যাবই যাব ওপারে ঠিক......'

মানিক চট্টোপাধ্যায়

এবার যাবই যাব ওপারে ঠিক, আঘাটে আর নামব না।' ভাটিয়ালী কীর্তনাঙ্গ সুরের মোড়কে এই গানটি গেয়েছিলাম 'দেওয়ান কীর্ত্তি দত্ত' নাটকে। নাটকটি মঞ্চস্থ হয়েছিল জঙ্গিপুর টাউন ক্লাব মঞ্চে। এই নাটকের নাট্যকার ও গীতিকারের সঙ্গে গড়ে উঠেছিল আমার এক পরমাত্মীয় সম্পর্ক। কত অনায়াসে সুন্দর সুন্দর গান রচনা করেছেন। লোকগীতি, ভক্তিমূলক থেকে শুরু করে বাংলাগানের প্রতিটি শাখায় তাঁর ছিল স্বচ্ছন্দ বিচরণ। তাঁর রচিত বহু গান আমি সুরারোপ করে একসময় গেয়েছি। এখনও বিভিন্ন অনুষ্ঠানে গেয়ে থাকি। গানগুলি ক্রম অনুসারে উল্লেখ করছি। উল্লেখ করতে চাইছি এই কারণে তাঁর সাহিত্যজীবনের এই দিকটি অনেকের কাছে হয়তো অজ্ঞাত।

দেশগান :

১। আমার জন্মভূমি মা।

২। জন্মভূমি মাগো তোমায় হাজার প্রণাম

৩। জন্মভূমি কতই মোরে বাসিস ভালো

লোকগীতি :

১। দয়ালরে তুমি যখন ধরেছ হাল

২। বহু আমার পত্র লেখ্যাছে

৩। হামার মত বরাত কার ইপারেতে বাড়ি হামার শ্বশুর বাড়ি পদ্মাপার

ভক্তিমূলক :

১। আমার শ্যামা মাকে কালো বলে হায়রে মায়ের কোথায় কালো

২। ওরে তোরা দেখবি কে আয় দেখবি আমার শ্যামা মায়।

৩। স্নেহের পরশ পেয়েছ কি এলোকেশী ঐ মা শ্যামার

৪। পেয়েছি মায় চরণদুটি বক্ষেগো।

৫। একি খেলা মাগো মোদের সনে ভেবেই মোরা হচ্ছি সারা

৬। কানুর প্রেমে পাগল আমি সেই কথাটি সবাই জানে

৭। দেখবি যদি ভুবনআলো দশভুজা মাকে।

রাগপ্রধান :

১। সজনী মনে মোর হতেছে বারবার

২। হৃদি বৃন্দাবনে মোর এস মুরারি

৩। সজনী চল তঁহু রাই ধনী অভিসারে

বিচিত্র :

১। আমাদের এই বিদ্যানিকেতন

২। জঙ্গিপুর, ওরে আমার সাধের আমার কত সাধের এই মাটি।

তাঁর কিছু গানের বাণী ও ভাব খুবই সুন্দর ও যথাযথ। আরও অজস্র গান তাঁর খাতার বিভিন্ন প্রান্তে হয়তো ছড়িয়ে আছে।

আমি জানি তাঁর পরিচিতি ছিল কবি হিসাবে। সাহিত্যিক হিসাবে। একজন সফল শিক্ষক হিসাবে। সারাজীবন নিরলসভাবে সাহিত্য সাধনা করে গেলেন। বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ছিলেন পৃষ্ঠপোষক। কখনওবা কেন্দ্রবিন্দু। তাঁর সঙ্গে আমার শেষ সাক্ষাৎ আমার বিদ্যালয়ের পারিতোষিক বিতরণী উৎসবে। সেই অনুষ্ঠানে 'গানের ভুবন' সঙ্গীতালেখ্য দেখে তিনি মুগ্ধ হয়ে বলেছিলেন, 'কি আনন্দ পেলাম। বিদ্যালয়ের নিজস্ব অডিটোরিয়াম। কত সুন্দর। মেয়েরা কত সুন্দর গাইল, নাচল।'

জীবন সংগ্রামের স্রোত ডিঙিয়ে তাঁর কাছে আর যেতে পারিনি। তারপর হঠাৎ জানলাম 'দেওয়ান কীর্তিদত্ত' নাটকের নাট্যকার, আমার অনেক গানের গীতিকার কবি সত্যেন্দ্রনাথ বড়াল চলে গেছেন ওপারে। এবার কবি কোন আঘাটায় নামেননি। তাঁর গানের মধ্যেই তিনি আমার কাছে চিরকাল স্মরণীয় হয়ে থাকবেন।

NATIONAL THERMAL POWER CORPORATION LTD.

( A Government of India Enterprise )

NTPC

FARAKKA SUPER THERMAL POWER PROJECT

P. O. Nabarun, Dist. Murshidabad W. B.

PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/RAILWAYS/WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I P O payable at post office, Khejuriaghat or demand draft in favour of 'NationalThermal Power Corporation Ltd', payable on State Bank of India at Farakka along with a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 7. 4. 86 to 26. 4. 86 from 9.00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs to 16-00 hrs. Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Aprox. value Completion period ( in lakhs ) | E M, D/ Cost of paper ( in Rs. ) | Date & time of opening |
|---|---|---|---|---|
| 1. | Chain link fencing around the boundary of chainage from 100 S to 1300 S (1800 E approx )at plant site of FSTPP. NIT No. FS : 42 : CS : 877/T-12/86 | 2.5<br>4 months | 5000/-<br>50/- | 28. 4. 86 at 3 p. m. |
| 2. | Installation & commissioning of equipments at central workshop and MGR workshop complex of FSTPP. NIT No. FS : 42 : CS : 883/T-13/86 | 1.0<br>3 months | 2000/-<br>50/- | 28. 4. 86 at 3 p. m. |

## TERMS AND CONDITIONS

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.
3. Tenders received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest Money against Running Account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers Registered with any other project of N. T. P. C. are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest money in prescribed form 'Earnest Money of....................enclosed should clearly be written on the top of the Envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s)
4. N. T. P. C. takes no responsibilities for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancel any or all the offers without assigning any reason.

Dy. Manager (Contracts)
Farakka Super Thermal Power Project.
( N. T. P. C. )
P. O. Nabarun, Dt. Murshidabad : West Bengal

## সম্পাদককে থানায় আটক ও নির্যাতন

ধুলিয়ান : গত ১৯ মার্চ রাত্রি ১০টা নাগাদ স্থানীয় 'মুর্শিদাবাদ নিউজ' পত্রিকার সম্পাদক মোজাম্মেল বিশ্বাসকে স্থানীয় পুলিশ অফিসার দয়াল মুখার্জী গ্রেপ্তার করে সারারাত থানায় আটক করে রাখেন। তাঁর উপর শারীরিক নির্য্যাতন করা হয়। পরদিন সকালে প্রকাশ্য রাজপথ দিয়ে কোমড়ে দড়ি ও হ্যাণ্ডকাপ বেঁধে হাঁটিয়ে তাঁকে বাসষ্ট্যাণ্ডে নিয়ে আসা হয়। সেখান থেকে বাসে জঙ্গিপুর পুলিশ কোর্টে হাজির করানো হয়। অবশ্য আদালত সঙ্গে সঙ্গে তাঁকে ব্যক্তিগত জামিনে মুক্তি দেন। থানার বিরুদ্ধে দুর্নীতির সংবাদ প্রকাশ করার জন্যই নাকি তাঁর বিরুদ্ধে পুলিশ এই ব্যবস্থা নেয় ও মিথ্যা মামলায় জড়িয়ে দেয়।

## মাস্তানরাজ

(প্রথম পৃষ্ঠার পর)

খুশি করে গাঁয়ের ভিটে আগলিয়ে আছে। চুপিচুপি একজন গ্রামবাসী অভিযোগ করেন—বিশ্বনাথপুরে সম্প্রতি যে খুন হয়েছে তাতেও এরাই জড়িত। সাত-পুরুষের ভিটে ছেড়ে যাওয়া যায় না, নইলে এখানকার মানুষ অন্যত্র পালিয়ে যেত। প্রশাসন সবই জানে তবুও রহস্য-জনকভাবে চুপ। গ্রামবাসীদের বক্তব্য সীমান্তের চোরাই চালানের স্বর্গভূমি এ অঞ্চল। স্বর্ণডিম্ব প্রসবিনী হাঁস ঐ মাস্তানরা। তাই পুলিশ প্রশাসন ওদিকে বিরক্ত করতে চায় না। প্রশাসনের নিষ্ক্রিয়তা এ অঞ্চলে বর্গীরাজ বহাল থাকতে মদত যোগাচ্ছে বলে শান্ত গ্রামবাসীরা হতাশার সঙ্গে অভিযোগ করেন। আরো জানা গেছে, স্থানীয় প্রধানের সমর্থনে ফুড সাপ্লাইয়ের ভারপ্রাপ্ত পরিদর্শক নাকি রাণা সেথ ও আরো বেশ কিছু বাংলা-দেশীকে রেশন কার্ডের জন্য অনুমোদন করেছেন।

## নাগরিকদের চরম দুর্দশা

(১ম পৃষ্ঠার পর)

আধুনিক বাজার তৈরি করে দিয়েছেন। কিন্তু পৌর কর্তৃপক্ষ সেখানে বাজার না বসিয়ে বছরের পর বছর সেটাকে ফেলে রেখেছেন। জনসাধারণের হাজার অসুবিধা হলেও তাঁরা নিশ্চেষ্ট, নির্বিকার। জনশ্রুতি ক্ষমতাশালী কোন পৌর কমিশনার বর্ত্তমান বাজার থেকে লাভের যে সরটুকু তোলেন সেটা বন্ধ হবে বলেই মিউনিসিপ্যাল মার্কেট চালু করা হচ্ছে না। কমিশনার সাহেবকে অসন্তুষ্ট করলে তিনি ক্ষমতাশীন দল থেকে সাঙ্গোপাঙ্গ নিয়ে ডিগবাজী দিবেন। পৌরপতি ও উপপৌরপতির গদি উল্টে যাবে। এই ভয়ে পৌরপতি বর্ত্তমান বাজারের ইজারাদারের বে-আইনী জুলুম বন্ধ করতে উদ্যোগী হন না। রাস্তা বন্ধ করে বাজার বসলেও কোন ব্যবস্থা নেন না। বহু টাকা খরচ করে তৈরি মিউনিসিপ্যাল বাজার শূন্য পড়ে থাকে।

প্রশ্ন এই যে হাজার হাজার নাগরিকের স্বার্থ বড়, না যেমন তেমন করে স্বার্থদুষ্ট ব্যক্তিদের তৈলমর্দন করে ক্ষমতার গদি বজায় রাখা বড়। ক্ষমতাসীন কমিশনাররা আজ এ প্রশ্নের জবাব না দিলেও আগামী ভোটের বাক্সে জনসাধারণ এ কথার জবাব দেবে।

নিখুঁত টিভি
প্যানোরামা
এক বছরের গ্যারান্টিসহ
বিক্রেতা :
টেলিষ্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ টিভি সারভিসিং করা হয়।

স্কুটার বিক্রয়
১৯৮১ মডেলের একটি 'বিজয় সুপার' স্কুটার চালু অবস্থায় বিক্রী আছে। সত্বর যোগাযোগ করুন।
পি, কে, মজুমদার
ইঞ্জিনিয়র (মেটিরিয়ালস্)
(এন টি পি সি)
পোঃ নবারুণ (মুর্শিদাবাদ)

## Abridged Tender Notice No. 10 Of '85-86 In Respect Of Ganga Anti Erosion Division

**P. O. Raghunathganj, Dist. Murshidabad**

Sealed tenders are invited in W. B. F. No 2911 (ii) from enlisted Class—I contractors of I & W. D. and bonafied outside contractors by Executive Engineer, Ganga Anti Erosion Division P. O. Raghunathganj, Dist. Murshidabad for the under-mentioned works. The names of works, estimated costs and earnest moneys are :—

1. Constn. of a 38 metre long bed bar at Mouza Dhusuripara in P. S. Somserganj, Dist. Murhsidabad, Rs. 11,85,486/- E. M. Rs. 20,000/-
2. Constn. of revetment on U/S. of the proposed bed bar at Mouza Dhusuripara in P. S. Somserganj, Dist. Murshidabad.
   Rs. 7,79,400/- E. M. Rs. 15,588/-
3. Constn. of revetment at D/S. of the proposed bed bar at Mouza Dhusuripara in P. S. Somserganj, Dist. Murshidabad.
   Rs. 7,79,396/- E. M. Rs. 15,588/-

Details regarding time allowed, tender documents, and other particulars may be had from the above office upto 4-00 p. m. in any working day.

Last date of application for purchasing tender form is 18-4-86 upto 1-00 p. m.

Last date for receipt of tender is 24-4-86 upto 3 00 p. m.

Executive Engineer
Ganga Anti Erosion Division
P. O. Raghunathganj, Dt, Murshidabad

ফোনঃ ১১৫
সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর প্রাইজ ব্রেড
মিরাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।